



তারেক রহমান দেশে ফিরছেন শিগগির, সময় জানাবেন তিনি নিজেই: হুমায়ুন কবির



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান খুব দ্রুত দেশে ফিরবেন বলে জানিয়েছেন তার উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি বলেন, দিনক্ষণ ঘোষণা করবেন তারেক রহমান নিজেই। আসন্ন জাতীয় নির্বাচন নির্ধারিত সময়েই হবে বলে আশ্বস্ত করেন তিনি। তবে এ সময় এনসিপি নেতাকর্মীদের স্লোগান ও সাংবাদিকদের সঙ্গে অসদাচরণের ঘটনায় বিশৃঙ্খলা দেখা দেয় এবং সাংবাদিকরা ব্রিফিং বয়কট করেন।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরছেন শিগগিরই। তবে কবে ফিরবেন, তা নিজ মুখেই দেশবাসীকে জানাবেন তিনি। এমন মন্তব্য করেছেন তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির।

বৃহস্পতিবার (২ অক্টোবর) জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার সফর শেষে দেশে ফিরে বিমানবন্দরে সাংবাদিকদের ব্রিফ করেন তিনি।

এ সময় হুমায়ুন কবির অভিযোগ করে বলেন, “বিদেশে রাজনৈতিক নেতাদের ওপর হামলা চালিয়ে আওয়ামী লীগ প্রমাণ করেছে, তারা সন্ত্রাসী দল।” তিনি আরও আশ্বস্ত করেন, “জাতীয় নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টা আন্তরিক। নির্ধারিত সময়েই নির্বাচন হবে, ভোট নিয়ে কোনো সন্দেহের অবকাশ নেই।”

তবে ব্রিফিং চলাকালে এনসিপির নেতাকর্মীরা স্লোগান শুরু করলে পরিবেশ উত্তেজনাপূর্ণ হয়ে ওঠে। সাংবাদিকরা তাদের খামাতে বললে উল্টো তাদের ওপর চড়াও হয় এনসিপির কর্মীরা। পরিস্থিতি যোলাটে হয়ে গেলে সাংবাদিকরা প্রতিবাদস্বরূপ এনসিপির সদস্য সচিব আখতার হোসেন এবং সিনিয়র যুগ্ম সদস্য সচিব তাসনিম জারার ব্রিফিং বয়কট করেন।